DEC. 05 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# প্রথমবারের মত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের ডীন পুরস্কার প্রদান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মেধাবী ছাত্র-ছাত্রীদের ডীন পুরস্কার-২০০১ গত মঙ্গলবার প্রদান করা হলো। মেধার স্বীকৃতিস্বরূপ সমাবর্তনের পর এই ধরনের অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই প্রথম। মোট ৪১ জন ছাত্র-ছাত্রী এবং গবেষণাপত্র ও পুস্তক প্রকাশনার জন্য ৩ জন শিক্ষককে পুরস্কার দেয়া হয়েছে। বিকালে (১৪শ পঃ ১-এর কঃ দঃ)

## প্রথমবারের মত ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

টিএসসি অডিটরিয়মে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, ব্যতিক্রমধর্মী এই অনুষ্ঠান নিয়মিত হওয়া দরকার। এটি শুধু বিজ্ঞান অনুষদ নয় সকল অনুষদে করা উচিত। মেধার স্বীকৃতির অনুষ্ঠানের মাধ্যমে আমাদের ছাত্র-ছাত্রী শিক্ষকগণ অনুপ্রাণিত হবেন। প্রোভিসি অধ্যাপক জেড এন তাহমিদা বেগম বলেন, এটি সত্যিই আজ আনন্দের দিন। প্রতি বছর হাজার হাজার ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয় থেকে পাস করে বের হয়ে যায় যাদের কোন স্বীকৃতি দিতে পারি না। অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে অধ্যাপক মেসবাহ উদ্দীন আহমেদ বলেন, আজ যারা সম্মাননা পেল তারা সত্যিই ভাগ্যবান। বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী সংখ্যার উপরের দিকের পাঁচ শতাংশ যারা প্রথম শ্রেণী পেয়েছে এবং কোন পর্যায়ে ফলোন্নয়ন পরীক্ষা দেয়নি, তারাই ডীন পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন। ১৯৯৮ সনে অনুষ্ঠিত 'সম্মান' পরীক্ষায় বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের বিশেষ কৃতিত্ব অর্জনকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে পুরস্কার প্রাপ্তরা হলেন পদার্থ বিজ্ঞান বিভাগের মোহাম্মদ শাহজাহান খান, মাসরুর হোসেন, শারমিন ফারিহা, রসায়ন বিভাগের তানজিনা আরফিন, আবিদা সুলতানা টুসী, ভূগোল ও পরিবেশ বিভাগের নাহিদ রেজওয়ানা, জিনাত মাহজাবীন, সাইফুল ইসলাম, মৌসুমী জহুর, গণিত বিভাগের শরীফ উল্লা মুজমদার, সাজেদা খানম, কম্পিউটার বিজ্ঞান বিভাগের শবনম আহমেদ।

বিশেষ পুরস্কারপ্রাপ্তরা হলেন পদার্থ বিজ্ঞান বিভাগের খন্দকার অমিতাভ নোবেল, দিপংকর তালুকদার, নওরোজ জাহান, জুবায়ের-উল-করিম, ফলিত পদার্থ ও ইলেক্ট্রনিক্স বিভাগের মুছাব্বের উদ্দিন আহমেদ, নাঈমুল ইসলাম, এসএম জাহিদুল ইসলাম, শাহরিয়ার বাসা, রসায়ন বিভাগের ফারহানা সুলতানা সালেহ, সাদেকুল ইসলাম, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগের শহিদুল ইসলাম শাহিন, ফারজানা ফেরদৌস, সৈয়দ আলী আশরাফ, ভূ-তত্ত্ব বিভাগের তৌফিক হাসান মাহমুদ, খন্দকার সাদিয়া আরাফিন, গণিত বিভাগের আসমা সেলিম, রেহেনো নাসরীন, আশরাফুল রহমান, আমিনুল হক, ভূগোল ও পরিবেশ বিভাগের মোস্তাইম বিল্লাহ, পরিসংখ্যান বিভাগের নুসরাত হারুন, বেলাল হোসেন, কাওছার জাহান, আব্দুস সালাম আকন্দ, সফিকুর রহমান, কম্পিউটার বিজ্ঞান বিভাগের মনিরুল ইসলাম, শরীফ, জুলিয়াস হোসেন, সৈয়দ ফয়সাল হাসান, চৌধুরী ফারহান আহমেদ। ১৯৯৯-২০০১ শিক্ষাবর্ষে শিক্ষকবৃন্দের গবেষণাপত্র প্রকাশনায় গণিত বিভাগের অধ্যাপক মোঃ আনোয়ার হোসেন, পুস্তক প্রকাশনায় ভূ-তত্ত্ব বিভাগের অধ্যাপক কামরুল হাসান এবং পুস্তক প্রকাশনায় বিশেষ পুরস্কার পেয়েছেন পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মোঃ নূরুল ইসলাম। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ১টি ক্রেস্ট, ১টি সার্টিফিকেট ও ৫ হাজার টাকা এবং শিক্ষকদের সার্টিফিকেট ও ১০ হাজার টাকা প্রদান করা হয়।